গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
এমপিও শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪০.৪০.০০০১.২৬-১৪

তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

**বিষয়: বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি (বিএমটি) ও ডিপ্লোমা] এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ এর আলোকে ২০২৫-২৬ অর্থবছরে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের লক্ষ্যে আবেদন গ্রহণ।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি (বিএমটি) ও ডিপ্লোমা] এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ এর আলোকে ২০২৫-২৬ অর্থবছরে শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা) এমপিওভুক্ত করার লক্ষ্যে **আগামী ০৮/০২/২০২৬ তারিখ হতে ১৭/০২/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন** গ্রহণ করা হবে।

২। নিম্নবর্ণিত ওয়েবসাইটসমূহের মাধ্যমে **Online MPO Application** শিরোনামে প্রদর্শিত লিংক এর মাধ্যমে এমপিও ভুক্তির আবেদন গ্রহণ করা হবে:

(ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট (www.tmed.gov.bd)
(খ) কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dte.gov.bd)
(গ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dme.gov.bd) এবং
(ঘ) বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd)

৩। উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির আবেদন সরাসরি (হার্ডকপি), ই-মেইল কিংবা পত্রের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অথবা এর অধীনস্থ কোন দপ্তরে গ্রহণ করা হবে না। উপরোল্লিখিত **Online MPO Application** শিরোনামে প্রদর্শিত লিংকের সাথে সংযুক্ত নির্দেশিকা অনুসরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৪। নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করা হবে। এ পদ্ধতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি/মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ অনুযায়ী নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে যোগ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রস্তুত করা হবে।

৫। সরকার এতদ্‌বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।
৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

02/02/2026

মোঃ আব্দুল হান্নান
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪১৭
ই-মেইল: dsmpo72@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা

৬। জেলা প্রশাসক (সকল)

৭। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়

৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা

৯। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা

১০। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১১। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১২। জেলা শিক্ষা অফিসার (সকল)

১৩। জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৪। অফিস কপি